



পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো)'র সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ এবং ২০২১ সালের ৩য় ত্রৈমাসিক বাস্তবায়ন ও অগ্রগতি সংক্রান্ত সভার কার্যবিবরণী।

বিগত ১৬/০৮/২১ তারিখ সোমবার সকাল ১২.৩০ ঘটিকায় ওয়ারপোর পরিচালক (পরিকল্পনা) এর সভাপতিত্বে পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো)'র নাগরিক সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ এবং ২০২১ সালের ৩য় ত্রৈমাসিক বাস্তবায়ন ও অগ্রগতি সম্পর্কিত সভা অনুষ্ঠিত হয়। সভার শুরুতে উপস্থিত সকল সদস্য কে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু হয় এবং সভায় উপস্থিত সকল সদস্য আলোচনায় অংশগ্রহণ করেন। সিটিজেন চার্টার সেবা আরও সহজীকরণের উদ্দেশ্যে হালনাগাদ করণ সংক্রান্ত বিস্তারিত আলোচনা শেষে কিছু হালনাগাদকৃত তথ্য সন্নিবেশিত হয় এবং নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়।


বিগত সভার অগ্রগতিঃ

ক্রমিক নং	সিদ্ধান্ত	বাস্তবায়ন ও অগ্রগতি
১।	ওয়ারপো'র এর নাগরিক সেবা সহজীকরণের লক্ষ্যে সেবা প্রদান প্রতিশ্রুতি তে সরকারের "একসেবা" এ্যাপ এর মাধ্যমে সকল প্রকার অনলাইন সেবা ফরম এর লিম্বক যুক্ত করতে হবে।	myGov থেকে "একসেবা" এ্যাপ এর মাধ্যমে ওয়ারপোর সকল প্রকার অনলাইন সেবা ফরম এর লিম্বক যুক্ত করা হয়েছে।
২।	নাগরিক সেবা সহজীকরণের লক্ষ্যে আভ্যন্তরীণ সেবা নং ৬,৭,৮,৯ এবং ১০ এর সেবা প্রদান এর জন্য নির্ধারিত কার্যদিবস কমিয়ে আনতে কিছু যৌক্তিক পরিবর্তন আনতে হবে।	উল্লিখিত সেবা সমূহ সহজীকরণের লক্ষ্যে কার্যদিবস কমিয়ে আনা হয়েছে এবং ওয়ারপো ওয়েব সাইটে তা আপডেট করা হয়েছে।

চলতি সভার সিদ্ধান্তঃ

ক্রমিক নং	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
১।	পানি সম্পদ খাত সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিষ্ঠান হতে আগত প্রকল্পের প্রস্তাব সমূহের ছাড়পত্র প্রদান এর কাজ অধিকতর সহজ ও গতিশীল করার লক্ষ্যে তৈরীকৃত অনলাইন টুলস এর মাধ্যমে ছাড়পত্র প্রদান সহজ ও গতিশীল করার কাজটি অংশীজনের অংশগ্রহণের মাধ্যমে বাস্তব পরীক্ষাধীন প্রক্রিয়া চালু করতে হবে।	সংশ্লিষ্ট শাখা প্রধানগণ অংশীজনের অংশগ্রহণে অনলাইন সেবা সহজীকরণের বাস্তব পরীক্ষাধীন প্রক্রিয়া চালু করবেন এবং পর্যবেক্ষন করবেন।


উপরোক্ত আলোচনা এবং সিদ্ধান্ত শেষে সংশ্লিষ্ট সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শেষ করা হয়।


(মোহাঃ আলমগীর হোসেন)
পরিচালক (পরিকল্পনা) ও আবহাযক
সিটিজেন চার্টার পরিবীক্ষন কমিটি

স্মারক নং- ৪২.০২.০০০০.০০৩.১৮.০২৪.১৯- ৭৬/১(৫)
অনুলিপিঃ

তারিখঃ ১৮-০৮-২০২১

- ১। সচিব, ওয়ারপো, এবং সদস্য, সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি, ওয়ারপো, ঢাকা।
- ২। উপসচিব ও সদস্য, সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি, ওয়ারপো, ঢাকা।
- ৩। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রোগ্রামার) ও সদস্য, সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি, ওয়ারপো, ঢাকা।
- ৪। লাইব্রেরীয়ান ও সদস্য-সচিব, সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি, ওয়ারপো, ঢাকা।
- ৫। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, ওয়ারপো, ঢাকা। [মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]


(নাজমুন নাহার চৌধুরী)

লাইব্রেরীয়ান ও সদস্য-সচিব, সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি, ওয়ারপো